

সারাদেশ

সরাইলে হত্যার পর লাশ গুমের ঘটনায় অভিযুক্ত গ্রেফতার নরসিংদীতে

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে হত্যার পর লাশ গুম করার ঘটনায় অভিযুক্ত এক ব্যক্তিকে নরসিংদী থেকে গ্রেফতার করেছে র‍্যাব। র‍্যাব-৯ ও র‍্যাব-১১-এর যৌথ অভিযানে তাকে গ্রেফতার করা হয়।

সোমবার (৩ আগস্ট) বিকেল ৪টা ৪৫ মিনিটের দিকে নরসিংদী জেলার শিবপুর উপজেলার সৃষ্টিগড় বাসস্ট্যান্ড এলাকায় অভিযান পরিচালনা করে।

গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব-৯, সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়া এবং র‍্যাব-১১, সিপিএসসি, নরসিংদীর একটি যৌথ অভিযানিক দল

এ সময় ব্রাহ্মণবাড়িয়ার সরাইল থানার মামলা নম্বর-২০, পেনাল কোড ১৮৬০-এর ধারায় দায়ের করা মামলার তদন্তে প্রাপ্ত আসামি সাইমন

মিয়াকে (২০) গ্রেফতার করা হয়।

গ্রেফতার সাইমন মিয়া নরসিংদীর শিবপুর উপজেলার সৃষ্টিগড় এলাকার সুমন মিয়ার ছেলে।

র‍্যাব-৯ সূত্র জানায়, এর আগে একই মামলায় তদন্তে প্রাপ্ত আরও দুই আসামিকে গ্রেফতার করা হয়েছিল।


র‍্যাব-৯, সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়ার এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গ্রেফতার আসামিকে ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল থানায় হস্তান্তর করা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে র‍্যাবের গোয়েন্দা তৎপরতা ও অভিযান অব্যাহত রয়েছে বলেও জানানো হয়েছে।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট...



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে ভূয়া মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দেয়া
অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...